# নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

১০। উপদেশ ও শিক্ষার জন্য নবীগণের সাথে বিভিন্ন জাতির অবস্থা উল্লেখ করা (ذكر أحوال الأمم مع الأنبياء للعظة والاعتبار)

আল্লাহ তা‘আলা বলেন:

(وَكُلًّا نَقُصُّ عَلَيْكَ مِنْ أَنْبَاءِ الرُّسُلِ مَا نُثَبِّتُ بِهِ فُؤَادَكَ وَجَاءَكَ فِي هَذِهِ الْحَقُّ وَمَوْعِظَةٌ وَذِكْرَى لِلْمُؤْمِنِينَ (120)) [هود: 120]

‘আর রাসূলদের এসকল সংবাদ আমি তোমার নিকট বর্ণনা করছি, যার দ্বারা আমি তোমার মনকে স্থির করি এবং এতে তোমার নিকট এসেছে সত্য, মুমিনদের জন্য শিক্ষা ও উপদেশ’ (সূরা হূদ: ১২০)। আল্লাহ তা‘আলা আরো বলেন:

(لَقَدْ كَانَ فِي قَصَصِهِمْ عِبْرَةٌ لِأُولِي الْأَلْبَابِ مَا كَانَ حَدِيثًا يُفْتَرَى وَلَكِنْ تَصْدِيقَ الَّذِي بَيْنَ يَدَيْهِ وَتَفْصِيلَ كُلِّ شَيْءٍ وَهُدًى وَرَحْمَةًلِقَوْمٍ يُؤْمِنُونَ (111)) [يوسف: 111].

‘তাদের এ কাহিনীগুলোতে অবশ্যই বুদ্ধিমানদের জন্য রয়েছে শিক্ষা, এটা কোন বানানো গল্প নয়, বরং তাদের পূর্ববর্তী কিতাবের সত্যায়নকারী এবং প্রতিটি বিষয়ের বিস্তারিত বিবরণ। আর হেদায়াত ও রহমত ঐ কওমের জন্য, যারা ঈমান আনে’ (সূরা ইউসূফ: ১১১)।

আল্লাহ তা‘আলা আরো বলেন:

(فَاقْصُصِ الْقَصَصَ لَعَلَّهُمْ يَتَفَكَّرُونَ (176)) [الأعراف: 176]

‘অতএব, তুমি কাহিনী বর্ণনা কর, যাতে তারা চিন্তা করে’ (সূরা আল-আ‘রাফ: ১৭৬)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9351

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন